

ইবির ধর্মতত্ত্ব অনুষদের ভর্তি পরীক্ষা সম্পন্ন, রাতেই ফল প্রকাশ

ইসলামী
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

১১ মে, ২০২৪
১৬:২৬

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

নিজস্ব ব্যবস্থাপনায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের ধর্মতত্ত্ব ও ইসলাম শিক্ষা অনুষদভুক্ত 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা

অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১১ মে) দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায় উপস্থিতি ছিল ৯৩

শতাংশ। 'ডি' ইউনিট সমন্বয়কারী ধর্মতত্ত্ব অনুষদের ডিন অধ্যাপক ড. আব ম ছিদ্দিকুর রহমান আশ্রাফী এ তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, 'ডি' ইউনিটভুক্ত ধর্মতত্ত্ব অনুষদের তিনটি ও কলা অনুষদের আরবি ভাষা ও সাহিত্য বিভাগে ৩২০টি আসনের বিপরীতে আবেদনকারী ছিলেন এক হাজার ৯০৬ জন। এর মধ্যে এক হাজার ৭৭৪ জন পরীক্ষায় অংশগ্রহণ করেন। উপস্থিতির হার ছিল ৯৩ শতাংশ। প্রতিবারের মতো এবারও পরীক্ষার দিন রাতেই ফলাফল প্রকাশ করা হবে বলে জানান তিনি।

পরীক্ষা চলাকালে উপাচার্য অধ্যাপক ড. শেখ আবদুস সালাম, উপ-উপাচার্য অধ্যাপক ড. মাহবুবুর রহমান, কোষাধ্যক্ষ ড. আলমগীর হোসেন ভূঁইয়া, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এইচ এম আলী হাসান কক্ষ পরিদর্শন করেন।